

স্মারকলিপি পেশ
গ্রেফতার ও বিচারের
দাবীতে সিলেটে
ছাত্র এক্যের মিছিল

॥ সিলেট অফিস ॥
সিলেট, ১২ই ডিসেম্বর।- দুর্নীতি, স্বজনপ্রীতি ও ক্ষমতার অপব্যবহার, জনগণের অর্থ সম্পদ বিদেশে পাচার ও আত্মসাতের অভিযোগের প্রেক্ষিতে বৈরাচার এরশাদ, রওশন এরশাদ ও তাদের লুটপাটের সহযোগী মন্ত্রীদের অবিলম্বে গ্রেফতার ও বিচারের দাবীতে আজ সকালে সর্বদলীয় ছাত্র এক্য মদনমোহন কলেজ থেকে একটি বিরাট শেষ পৃষ্ঠায় ওয় কলামে

72

গ্রেফতার ও বিচারের

প্রথম পৃষ্ঠার পর

বিক্ষোভ মিছিল বের করে। মিছিলকারীরা তাদের দলীয় সমর্থনে শ্লোগান দিয়ে শহর প্রদক্ষিণ শেষে জেলা প্রশাসকের অফিস ঘেরাও করে ও তাদের দাবীর সমর্থনে একটি স্মারকলিপি জেলা প্রশাসক খোরশেদ আনহার খানের নিকট পেশ করে। জেলা প্রশাসকের দফতর-প্রাঙ্গণে সর্বদলীয় ছাত্র এক্য নেতা কাজী কয়েছ, হাবিবুর রহমান হাবিব, সুজাত আলী রফিক, প্রদ্যুৎ রায়, বদরুজ্জামান সেলিম, ফজলুর রহমান ও এ টি এম ফয়েজ বক্তৃতা করেন। এদিকে আজ সিলেট জেলা শ্রমিক কর্মচারী এক্য পরিষদ নেতৃবৃন্দ শ্রমিকদের ৭ দফা দাবী সম্বলিত একটি স্মারকলিপি জেলা প্রশাসকের কাছে হস্তান্তর করেন। রূপ নেতাদের মধ্যে সৈয়দ মোস্তফা কামাল, আবুল হাশেম, ইব্রাহিম চৌধুরী-ঝোকন, শহীদুল ইসলাম শাহীন, মহেন্দ্র সিংহ, আবদুর রব ও হারুন মিয়া উপস্থিত ছিলেন।

বিজয় মিছিল

আজ সকালে সিলেট সরকারী মহিলা কলেজের ছাত্রী ও শিক্ষকবৃন্দ কলেজ ক্যাম্পাস থেকে এক বিজয় মিছিল নিয়ে শহর প্রদক্ষিণ করে। জামেয়া মাদানীয়া কাজীর বাজার মাদ্রাসার ছাত্র ও শিক্ষকবৃন্দ বৈরাচারী এরশাদের পতনে এক বিরাট শোকরানা মিছিল বের করে। মাদ্রাসার অধ্যক্ষ আলহাজ্ব মওলানা হাবিবুর রহমানের নেতৃত্বে এই মিছিলটি শহর প্রদক্ষিণ করে। এদিকে বৈরাচারী এরশাদের সাথে যোগসাজশে বিমানের অর্থ ও সম্পদ আত্মসাৎকারী বিমানের ব্যবস্থাপনা পরিচালক গ্রুপ ক্যাপ্টেন (অবঃ) শওকত-উল ইসলামের পদত্যাগ, বিচার এবং বিমান থেকে অন্যান্য অবসরপ্রাপ্ত দুর্নীতিপরায়ণ কর্মকর্তাদের বহিস্কার ও বিচারের দাবীতে বিমান গ্রাউন্ড সার্ভিস এমপ্লয়ীজ ইউনিয়নের আহবানে বিমান সিলেট স্টেশনের সকল কর্মচারী ও শ্রমিক স্থানীয় বিমান কার্যালয়ে বিক্ষোভ প্রদর্শন করে। এসময় রফিকুল ইসলাম রোকন, আলাউদ্দিন জিতু মিয়া ও কামসার আহমেদ চৌধুরী বক্তৃতা করেন।